"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি

## জগন্নাথপুর ঠাকুরগাও

টেলিফোন: ০৫৬১-৫৩৫৭১
ইমেইল: thkpbs@gmail.com
ওয়েব: www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং: ২৭.১২.৯৪৯৪.৫৭২.২১৯.২৬.১৮. ৬৭২২

তারিখ: ২০/০৬/২০১৮ইং

**"দরপত্র বিজ্ঞপ্তি"**

ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সরবরাহের নিমিত্তে প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

| ক্র. নং | দরপত্র নং | ক্রয়তব্য মালামাল | দরপত্র দলিলের মূল্য (টাকা) | জামানতের পরিমান | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) সংগ্রহের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১ | ০১/১৮-১৯ | কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম, বকেয়া ও বিল পরিশোধের প্রত্যয়ন পত্র সরবরাহ | ১০০০/= | ১,০০,০০০/= | ২১/০৬/২০১৮ইং তারিখ বৃহস্পতিবার হইতে ১১/০৭/২০১৮ইং বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত। | **গ্রহণের শেষ সময়** ১২/০৭/২০১৮ইং তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। **খোলার সময়** ১২/০৭/২০১৮ইং তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:৩০ ঘটিকায়। |
| ০২ | ০২/১৮-১৯ | স্টেশনারি মালামাল সরবরাহ | ৫০০/= | ২০,০০০/= | | |
| ০৩ | ০৩/১৮-১৯ | মুদ্রণ সামগ্রী সরবরাহ | ৫০০/= | ৪৫,০০০/= | | |
| ০৪ | ০৪/১৮-১৯ | বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহ | ৫০০/= | ৪৫,০০০/= | | |

**শর্তাবলী:**

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।

০২। আগ্রহী দরদাতাগণ ঠাকুরগাও পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হইতে বর্ণিত দরপত্রের বিপরীতে নির্ধারিত পরিমাণ টাকার(অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ঠাকুরগাও পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাও পবিস-এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাও হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোনো দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।

০৩। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোনো দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাক যোগে/কুরিয়ার যোগে, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাও এই ঠিকানায় দরপত্র পৌঁছাইতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। প্রতিটি দরপত্রের সহিত ঠাকুরগাও পবিস এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হইতে কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম, বকেয়া ও বিল পরিশোধের প্রত্যয়ন পত্র সরবরাহের জন্য ১,০০,০০০/= (এক লক্ষ মাত্র ) টাকা, স্টেশনারি মালামাল সরবরাহের জন্য ২০,০০০/=(কুড়ি হাজার মাত্র) টাকা, মুদ্রণ সামগ্রী সরবরাহের জন্য ৪৫,০০০/=(পঁয়তাল্লিশ হাজার মাত্র) টাকা ও বিনষ্ট ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহের জন্য ৪৫,০০০/=(পঁয়তাল্লিশ হাজার মাত্র) টাকার ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার (ঠাকুরগাও সদর, ঠাকুরগাও এর যে কোন ব্যাংক শাখার উপর) দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ঠাকুরগাও পবিস এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাও এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ তে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

**০৪। দরপত্র দলিলের সহিত দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, আয়কর সনদপত্র, ব্যাংক সলভেন্সীর প্রত্যয়ন পত্র ও দরপত্রের উদ্ধৃত মূল্যের ৫০% মালামাল সরবরাহের অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার) কপি দাখিল করিতে হইবে।**

০৫। মালামাল সন্তোষজনক ভাবে প্রাপ্তি স্বাপেক্ষে সরবরাহকারী প্রতিষ্টানকে ঠাকুরগাও পবিস কর্তৃক মালামালের মূল্য অ্যাকাউন্ট পেয়ি চেক এর মাধ্যমে পরিশোধ করা হইবে।

০৬। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাইতে হইবে।

০৭। কোনো কারণে উল্লিখিত কার্যদিবস সমূহে যদি সরকারী ছুটি ঘোষনা করা হয়, তবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাইবে।

০৮। ঠাকুরগাও পবিস কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাও
ফোন: ০৫৬১-৫২১৯৪